

শিবপুরে অনশন বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের

বি এন এ, হাওড়া: শিবপুর ইঞ্জিনিয়ারিং ও বিজ্ঞান বিশ্ববিদ্যালয়কে জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে ঘোষণা করার দাবিতে মঙ্গলবার শিক্ষক এবং শিক্ষাকর্মীদের ইউনিয়ন 'বেসুটা'র পাঁচ সদস্য রিলে অনশন শুরু করেছেন। বিশ্ববিদ্যালয় চত্বরে এদিন সকাল থেকেই এই অনশন শুরু হয়েছে। বেসুটার পক্ষে সুজয় মুখোপাধ্যায়, পার্থপ্রতিম চট্টোপাধ্যায়, শেখর চন্দ্র দত্ত, মানস হিরা এবং সুদীপ ঘোষ এই অনশন করছেন। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক নিযুক্ত আনন্দ কৃষ্ণণ কমিটি 'বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি, শিবপুর'-কে জাতীয় গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদা দেওয়ার জন্য গত বছর সবুজ সংকেত দিয়েছিল। এই কমিটি দেশের সাতটি বিশ্ববিদ্যালয় পরিদর্শন করে যে রিপোর্ট দেয় তাতে এই বিশ্ববিদ্যালয়কে প্রথম স্থানে রাখা হয়। রিপোর্টে এই বিশ্ববিদ্যালয়কে ইন্ডিয়ান ইন্সটিটিউট অব ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজির মর্যাদা পাওয়ার যোগ্য বলে বিবেচিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের আন্দোলনরত শিক্ষকদের অভিযোগ, কেন্দ্রীয় এবং রাজ্য সরকারের টালবাহানার জন্যই তা এতদিন আটকে রয়েছে। এর প্রতিবাদে গত ১৩ ফেব্রুয়ারি শিক্ষকরা গণছুটি নেন। তার পরের দিন উপাচার্যকে তাঁরা ডেপুটেশন দেন। এদিকে, আগামী বৃহস্পতিবার থেকে ছাত্ররাও রিলে অনশন করবেন বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের ছাত্র ইউনিয়ন 'বেকসু'।

